গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাহুবল হবিগঞ্জ।
bbs.bahubal@gmail.com.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: ৫২.০১.৩৬০৫.০০০.৫৬ .০০৬..২০-০০২

তারিখ ২৪.০৯.১৪২৬ বঙ্গাব্দ / ০৭.০১.২০২০ খ্রিস্টাব্দ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তে শুধুমাত্র ~~হবিগঞ্জ সদর~~ বাহুবল উপজেলায় স্থায়ীবাসে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্র.নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	প্রশিক্ষণ: ৪০০/- (প্রতিদিন) পারিতোষিক: ৮,৫০০/- (ভ্যাটসহ মোট)	১। ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২। নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩। স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীনসাইজ ন্যূনতম ৫ ইঞ্চি হতে হবে। ৪। সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৫। পূর্ববর্তী কোন শুমারি/জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২	গণনাকারী	প্রশিক্ষণ: ৪০০/- (প্রতিদিন) পারিতোষিক: ৮,০০০/- (ভ্যাটসহ মোট)	১। ন্যূনতম এইচএসসি পাস হতে হবে। ২। নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩। স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীনসাইজ ন্যূনতম ৫ ইঞ্চি হতে হবে। ৪। সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৫। পূর্ববর্তী কোন শুমারি/জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

বি.দ্র.: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এ ধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী:

০১। উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবপোর্টাল (bbs.bahubal@gmail.com.gov.bd) ও জেলা/উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবপোর্টালসমূহ (bbs.habiganj.gov.bd/bbs/ bbs.bahubal@gmail.com.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।

০২। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সকল কাগজপত্র জমা দিতে হবে:

(ক) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (খ) জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(খ) জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। (ঘ) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট ও ০১ কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি।

০৩। নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার (৫০% এর অধিক) প্রদান করা হবে।

০৪। প্রয়োজনে নিজের মৌজা/মহল্লা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য মৌজা/মহল্লা/ওয়ার্ডে কাজ করার মানসিকতা থাকতে হবে।

০৫। অন্য কোন পেশায় (যেমন: কিন্ডার গার্টেনের শিক্ষক/ইউনিয়ন বা ওয়ার্ড সচিব) নিয়োজিত কেউ আবেদন করতে পারবেন না।

০৬। ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য করা হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করেত পারবেন।

০৭। সকল পদের আবেদন ফরমের খামের উপর বাম পার্শ্বে পদের নাম উল্লেখপূর্বক আগামী ২০.০১.২০২০ খ্রি. তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।

০৮। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষনিকভাবে বাতিল হয়ে যাবে।

১০। সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও এ সংক্রান্ত নির্দেশনা, নির্বাচিত প্রার্থীদের তালিকা (১ম ধাপ ও ২য় ধাপ) উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, স্ব স্ব ইউনিয়ন অফিসের নোটিশ বোর্ড ও ওয়েবপোর্টালে প্রকাশ করা হবে।

১১। একই পরিবার হতে একাধিক প্রার্থী নির্বাচিত হতে পারবেন না । এ সংক্রান্ত কোন ত্রুটি কর্তৃপক্ষ যে কোন সময় সংশোধন করতে পারবে।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে এই উদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭/০১/২০২০

স্নিগ্ধা তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার
বাহুবল, হবিগঞ্জ।
ও
সভাপতি
গণনাকারী ও সুপারভাইজার যাচাই বাছাই কমিটি
জনশুমারি ও গৃহগণনা ২০২১
বাহুবল, হবিগঞ্জ।